# দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ আখলাক ও ব্যবহার

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

পিতামাতা যদি জিহাদে যেতে বাধা দেয় তবে তাদের কথা মানা কি বৈধও?

উত্তরঃ জিহাদ ফার্যে আইন হলে তাদের কথা মেনে ঘরে বসে থাকা বৈধ নয়। ফার্যে কিফায়াহ বা নফল হলে তাদের কথা মেনে তাদের খিদমত করা বেশি জরুরি। আব্দুল্লাহ ইবনে আমার ইবনুল আস (রঃ) বলেন, এক ব্যক্তি আল্লাহর নবীর নিকট এসে বলল, ‘ আমি আপনার সাথে আল্লাহ তাআলার কাছে নেকি পাওয়ার উদেশ্যে হিজরত এবং জিহাদের বায়আত করছি।’ নবী (সঃ) বললেন, “তোমার পিতা মাতার মধ্যে কেউ কি জীবিত আছে ?” সে বলল, ‘জী হ্যাঁ, বরং দুজনই জীবিত রয়েছে।’ রাসুল (সঃ) বললেন, “তুমি আল্লাহ তা'আলার কাছে নেকি পেতে চাও?” সে বলল, ‘জি হ্যাঁ।’ তিনি বললেন, “তাহলে তুমি তোমার পিতা মাতার নিকট ফিরে যাও এবং উত্তমরূপে তাদের খিদমত কর।” ( বুখারি, আর শব্দগুলো মুসলিমের)

উভয়ের জন্য এক বর্ণনায় আছে, এক ব্যক্তি তার নিকট এসে জিহাদ করার অনুমতি চাইল। তিনি বললেন, “তোমার পিতা মাতা কি জীবিত আছে?” সে বলল, ‘জি হ্যাঁ।’ তিনি বললেন, “অতএব তুমি তাদের (সেবা) করার মাধ্যমে জিহাদ কর।”

Source — https://www.hadithbd.com/books/link/?id=2092

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন